

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.১৩২

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮

২৮ মার্চ ২০২২


বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-১০৫৮/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দাউদকান্দি থানার লামছড়ি গ্রামের জনাব মো. আলমগীর হোসেন ফরাজী ছেলে জনাব মো. শামীম ফরাজীসহ মোট ০৬ (ছয়) জন বাংলাদেশ বার কাউন্সিলের ইনটিমেশন ফরম (Pupilage Registration Form) প্রদান ও রিজিষ্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন পূর্বক প্রবেশপত্র ইস্যু করে আইনজীবী তারিকাভুক্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা বরাবর ০২.০২.২০২২ এবং ০৬.০২.২০২২ তারিখে আবেদন করেন।

জনাব মো. শামীম ফরাজীসহ মোট ০৬ (ছয়) জন এর আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা তারা সংস্কৃষ্ট হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৫৮/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ হতে এ মামলার ১৩.০২.২০২২ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 4 is hereby directed to dispose of the representations of the petitioners dated 02.02.2022 and 06.02.2022 (Annexure-K-K-3) respectively in accordance with law, within a period of 4(four) weeks from the date of receipt of the copy of this.”

২। বর্ণিতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১০৫৮/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ০২.০২.২০২২ এবং ০৬.০২.২০২২ তারিখের আবেদনগুলো (Annexure-K-K-3) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৮-৩-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd


সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.১৩২/১(৪)

তারিখ: ২৪ ৩এ ২৪২৮
২৮ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৮-৩-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব